আলমডাঙ্গায় ব্রিটিশ টোবাকো’র লরি চাপায় কৃষকের মৃত্যু

আলমডাঙ্গায় ব্রিটিশ টোবাকো’র লরি চাপায় আইয়ুব হোসেন (৫০) নামের এক কৃষকের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যার আগে আলমডাঙ্গা-কুষ্টিয়া সড়কের নওদাপাড়া নামক স্থানে ওই সড়ক দুর্ঘটনা ঘটে। এতে সাইকেলারোহী আইয়ুব হোসেন গুরুতর আহত হন। পুলিশ লরিটি উদ্ধার করে থানায় নিয়েছে।

নিহত আইয়ুব হোসেন কুষ্টিয়ার মিরপুর উপজেলার আমবাড়িয়া গ্রামের মৃত গারেস আলীর ছেলে। আইয়ুব হোসেন বাইসাইকেল চালিয়ে আলমডাঙ্গা থেকে বাড়ি ফিরছিলেন।

স্থানীয়রা জানায়, মঙ্গলবার সন্ধ্যার আগে আইয়ুব হোসেন বাইসাইকেল চালিয়ে আলমডাঙ্গা থেকে আমবাড়িয়ায় তার বাড়ি ফিরছিলেন। তিনি আলমডাঙ্গা-কুষ্টিয়া সড়কের নওদাপাড়া গ্রামের কাছাকাছি হলে কুষ্টিয়া থেকে আসা ব্রিটিশ টোবাকো’র তামাকবাহি একটি লরি তাকে চাপা দেয়।

এ সময় তিনি সাইকেল থেকে ছিটকে গাড়ির নিচে পড়ে যান। এতে তিনি গুরুতর আহত হন। অবস্থা বেগতিক দেখে গাড়ির চালক গাড়ি রেখে দ্রুত পালিয়ে যায়। স্থানীয়রা আইয়ুব হোসেনকে উদ্ধার করে হারদী হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

থানার এসআই সফিকুল ইসলাম জানান, ঘাতক লরিটি থানায় নেওয়া হয়েছে। চালক পালিয়ে গেছে। দুর্ঘটনায় নিহত আইয়ুব হোসেনের লাশ হাসপাতাল থেকে থানায় নেওয়া হয়েছে। তিনি বলেন, নিহতের পরিবারের মতামত অনুযায়ী ব্যবস্থা নেওয়া হবে।

আমঝুপিতে তানভীরের লাশ এক সপ্তাহ পর দাফন

সড়ক দুর্ঘটনায় নিহত হওয়ার ১ সপ্তাহ পর আমঝুপি গ্রামের তানভীরের লাশ দাফন করা হয়েছে। গতকাল সোমবার সকালে আমঝুপি কবরস্থানে তাকে দাফন করা হয়।

তানভিরের বাবা, মা সৌদি আরবে অবস্থান করায় এক সপ্তাহ ধরে তার লাশ রাজশাহী মেডিকেল কলেজের হিমঘরে রাখা হয়েছিল। তার বাবা ও মা রবিবার দেশে ফিলে ছেলের লাশ নিয়ে আমঝুপিতে পৌছায় সোমবার ভোরে।

সড়ক দুর্ঘটনায় আহত হয়ে চিকিৎসাধীন থাকার প্রায় ৪৮ঘন্টা পর তানভীর এর মৃত্যু হয়। তানভীর মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রামের সৌদি আরব প্রবাসী হাফিজুল ইসলাম এর ছেলে এবং আমঝুপি মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্র।

গত মঙ্গলবার দিবাগত রাতে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে তানভীর এর মৃত্যু হয়।

উল্লেখ্য, গত সোমবার তানভীর মোটরসাইকেল যোগে আমঝুপি থেকে চুয়াডাঙ্গা যাবার পথে চুয়াডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় কবলে পড়ে, এসময় সে মারাত্মক আহত হলে প্রথমে চুয়াডাঙ্গা পরে তাকে রাজশাহী রেফার করা হয়। সেখানে চিকিৎসারত অবস্থায় তার মৃত্যু হয়।

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় বৃদ্ধার মৃত্যু

মেহেরপুরের মদনাডাঙ্গা নামক স্থানে সড়ক দুর্ঘটনায় রোকেয়া খাতুন
(৬৫) নামের এক বৃদ্ধার মৃত্যু হয়েছে।

আজ শুক্রবার সকাল ৬ টার দিকে এ দুর্ঘটনা ঘটে। রোকেয়া খাতুন সদর উপজেলার নতুন মদনাডাঙ্গা গ্রামের মরহুম মেসের আলীর স্ত্রী।

জানাযায়, মেহেরপুর-কুষ্টিয়া সড়কে মদনাডাঙ্গা নামক স্থানে চলন্ত পিকআপ (ইন্টারনেট সংযোগ প্রদানের জন্য ব্যবহৃত) এর ধাক্কায় রোকেয়া খাতুনের মৃত্যু হয়।

প্রত্যক্ষদর্শীরা জানায়, সকাল ৬ টার দিকে নিয়মিত ব্যায়ামের উদ্দেশ্যে হাটতে বাড়ি থেকে বের হয় বৃদ্ধ রোকেয়া খাতুন। কিছুক্ষণ পর কুষ্টিয়ার দিক থেকে আসা দ্রুতগামী একটি পিকআপ তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে লাশ উদ্ধার করে।

স্থানীয়রা আরও জানান, প্রায় দুই যুগ পূর্বে তার স্বামী একই স্থানে সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেছিলেন। এ ঘটনায় ওই এলাকায় শোক নেমে এসেছে।

ঘটনার পর সেখানে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেন।

মেহেরপুরে পৃথক সড়ক দুর্ঘটনায় আহত দু’জনের মৃত্যু

মেহেরপুর ও গাংনীতে পৃথক দুটি সড়ক দুর্ঘটনায় দুজন নিহত হয়েছে। মঙ্গলবার রাতে রাজশাহী ও কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তাদের মৃত্যু হয়।

নিহতরা হলেন, গাংনী উপজেলার রাইপুর ইউনিয়নের শালদহ গ্রামের আব্দুল মজিদের ছেলে বকুল হোসেন ও সদর উপজেলার আমঝুপি গ্রামের মধ্যপাড়ার সৌদি প্রবাসী মফিজুল ইসলামের ছেলে স্কুল ছাত্র তানভীর হোসেন।

জানা গেছে, গত সোমবার দুপুরে মোটরসাইকেল যোগে ভালাইপুর যাওয়ার সময় নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশে পড়ে গুরুতর আহত হয় তানভীর। তাকে উদ্ধার করে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে নেয়া হলে মঙ্গলবার সন্ধ্যায় তার মৃত্যু হয়। তানভির মেহেরপুর সরকারি টেকনিক্যাল

স্কুল অ্যান্ড কলেজের দশম শ্রেণির ছাত্র ছিল। নিহত তানভীরের বাবা-মা দু’জনই সৌদি প্রবাসী তারা দেশে ফিরলেই তানভীরের দাফন সম্পন্ন করা হবে বলে পারিবারিকভাবে জানানো হয়েছে।

অপরদিকে, শারীরিক অসুস্থ জনিত কারনে বকুল হোসেন গাংনী হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। তার ব্যবহৃত মোবাইল ফোনে টাকা না থাকায় ফ্লেক্সি লোড দিতে হাসপাতাল চত্তরের বাইরে যায়। ফ্লেক্সি লোড দিয়ে হাসপাতালে আসার পথে মাইক্রোবাসের ধাক্কায় গুরুত্বর আহত হয়ে মাটিতে লুটিয়ে পড়ে। পরে তাকে হাসপাতালের জরুরী বিভাগে নেয়া হলে সেখান থেকে উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসাতালে রেফার্ড করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রাতে তার মৃত্যু হয়।

গাংনীতে ইজি বাইক থেকে পড়ে প্রতিবন্ধী কিশোরীর মৃত্যু

মেহেরপুরের গাংনীতে ইজি বাইকে উঠতে গিয়ে সড়কে ছিটকে পড়ে হানুফা খাতুন (১২) নামের বকে প্রতিবন্ধী কিশোরীর মুত্যু হয়েছে। মঙ্গলবার দুপুরে গাংনী বাজারের দারুচ্ছালাম জামে মসজিদের সামনে মর্মান্তিক এ ঘটনা ঘটে। নিহত হানুফা উপজেলার কসবা গ্রামের আব্দুল হান্নান ওরফে হানার মেয়ে।
জানা গেছে, প্রতিবন্ধী হানুফা তার মায়ের সাথে গাংনীর শিশিরপাড়া থেকে বাড়ি যাবার জন্য একটি ইজি বাইকে উঠতে গিয়ে পা ফসকে রাস্তায় পড়ে যায়। স্থানীয় লোকজন তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।
গাংনী থানার ওসি ওবাইদুর রহমান ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

[redacted]

[redacted]

[redacted]

বাজারে এ ঘটনা ঘটে। নিহত রেজাউল হক মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামের খোদা বক্স্রের ছেলে ও গাংনী উপজেলা যুবলীগের যুগ্ন সম্পাদক জেলা পরিষদ সদস্য মো: মজিরুল ইসলামের ম্যানেজার।

নিহতের আত্মীয় যুবলীগ নেতা ও ঠিকাদার আশিকুর রহমান আকাশ জানান,রেজাউল হক গাংনী উপজেলা পরিষদ জামে মসজিদে মাগরিবের নামাজ শেষ করে জেলা পরিষদ সদস্য মো: মজিরুল ইসলামের কার্যালয়ে যাওয়ার জন্য রাস্তা পার হওয়ার সময় বেপরোয়া গতিতে আসা তিনজন বহনকারী একটি মটরসাইকেল তাকে চাপা দিলে গুরুতর আহত হয় সে। আহতবস্থায় উদ্ধার করে গাংনী হাসপাতালে নেয়া হয় সেখানে তার অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য কর্তব্যরত চিকিৎক কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করে। সেখানে পৌছানোর পরপরই তার মৃত্যু হয়।

গাংনী থানার ওসি মো: ওবাইদুর রহমান জানান,মটরসাইকেল আরোহী ৩ জনের মধ্যে দুজন পালিয়ে গেলেও ধর্মচাকী গ্রামের সাইফুল ইসলামের ছেলে সাগর হোসেনকে স্থানীয়রা আটক করে পুলিশে দিয়েছে। সাগর হোসেন পড়ে গিয়ে আহত হওয়ার কারনে বর্তমানে গাংনী হাসপাতালে পুলিশ পাহারায় চিকিৎসাধীন রয়েছে।

মেহেরপুরের বারাদিতে সড়ক দুর্ঘটনায় বৃদ্ধ আহত

মেহেরপুরের বারাদি বাজারে মোটর সাইকেলে ও সাইকেলর মুখোমুখি সংঘর্ষে ছুটিপুর গ্রামের তমেজ (৬৫) গুরুতর আহত হয়েছেন।

বুধবার বিকেল বারাদি বাজার নাসিরের মিলের সামনে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, আহত তমেজ উদ্দিন ছুটিপুর থেকে বারাদি বাজারে কামারের কাছে হেঁসো কাঁচি পোড়াতে আসে, হেঁসো কাচি পোড়ানোর পর বারাদি বাজার থেকে বাজার করে বাড়ি যাওয়ার জন্য রহনা দেন তিন।

এমন অবস্থাই বাড়াদি বাজার অতিক্রম করে নাসিরের কাঠ ফাড়া মিলের

সামনে পৌঁছালে, অপর দিক থেকে বেপরোয়াভাবে আসা একটি মোটরসাইকেল তার সাইকেলে ধাক্কা মারে।এতে তিনি গুরুতর আহত হয়। এ অবস্থায় মোটরসাইকেল চালক তাকে ফেলে রেখে পালিয়ে যায়।

মেহেরপুর ফায়ার সার্ভিস’র একটি টিম ঘটনাস্থলে দ্রুত পৌঁছে আহত অবস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আশে, বর্তমানে তমেজউদ্দিন মেহেরপুর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

কুমারখালিতে মোটরসাইকেলের ধাক্কায় বৃদ্ধ নিহত

কুষ্টিয়ার কুমারখালিতে রাস্তা পার হওয়ার সময় মোটরসাইকেলের ধাক্কায় হাফিজুর রহমান (৫৫) নামে এক বৃদ্ধ নিহত হয়েছে।

সোমবার বিকেলে কুষ্টিয়া-রাজবাড়ী সড়কের দবিরমোল্লার গেটে এ ঘটনা ঘটে।

নিহত হাফিজুর রহমান কুমারখালী উপজেলার দবিরমোল্লার গেট এলাকার মৃত দবির উদ্দিন মোল্লার ছেলে।

কুমারখালি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মজিবর রহমান জানান, সোমবার বিকেলে দবির মোল্লা রেলগেটে রাস্তা পার হওয়ার সময় একটি দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় রাস্তায় ছিটকে পড়ে।

পরে স্থানীয়রা তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করলে সন্ধ্যার দিকে তার মৃত্যু হয়।

গাংনীতে আলমসাদুর ধাক্কায় যুবক আহত

মেহেরপুরের গাংনীতে স্যালোইঞ্জিন চালিত আলমসাদুর ধাক্কায় ইজিবাইক থেকে ছিটকে পড়ে হোসেন আলী নামের এক যুবক মারাত্বক জখম হয়েছে। হোসেন আলী (২৬) গাংনী উপজেলার নওদাপাড়া গ্রামের ইমদাদুল হকের ছেলে।

বুধবার বেলা সাড়ে ১১ টার দিকে গাংনী পৌর এলাকার পশ্চিম মালশাদাহ এলাকায় এ ঘটনা ঘটে। আহত হোসেন আলীকে মারাত্বক আহত অবস্থায় পথযাত্রীরা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

স্থানীয়রা জানান,হোসেন আলী সকালে ইজিবাইকে করে বাড়ি থেকে গাংনী আসছিলেন। মালশাদাহ নামক স্থানে পৌছালে থেকে বিপরীত দিক থেকে আসা বেপরোয়া আলমসাদু তাকে ধাক্কা দেয়।

এসময় হোসেন আলী ইজিবাইক থেকে ছিটকে পড়ে হাত-পা ও মাথায় রক্তাক্ত জখম হয়। পথযাত্রীরা তাকে উদ্বার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

হোসেন আলীর অবস্থা আশঙকা জনক হওয়ায় জরুরী বিভাগের চিকিৎসক প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেন।